

প্রেস বিজ্ঞপ্তি

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

হাসিনা সরকার কাফির-উপনিবেশবাদীদের সম্ভ্রষ্ট করতে জঙ্গিবাদের সাথে সংযোগ দেখিয়ে হিব্বুত তহরীর-এর বিরুদ্ধে মিথ্যা
অপবাদ রটানোর কৌশল অবলম্বন করছে

হাসিনা সরকার তার মানসিক সুস্থতা হারিয়েছে; তারা অপরিপক্বভাবে রচিত মিথ্যা অপবাদ, কু-চক্রান্ত ও মানহানির মাধ্যমে হিব্বুত তহরীর-এর দাওআহ'র বিরুদ্ধে কুৎসা রটানোর অপচেষ্টা করছে। জঙ্গিবাদের মিথ্যা অভিযোগে নিরপরাধ মানুষকে গ্রেফতার করে তারা মিডিয়া উন্মাদনা সৃষ্টি করতে মরিয়া হয়ে উঠেছে। গত শুক্রবার দিবাগত রাতে সরকারের দুর্বৃত্ত আধাসামরিক বাহিনী RAB-2 হাফেজ মাওলানা মামুনুর রশিদ মামুনকে হিব্বুত তহরীর / উলাই'য়াহ্ বাংলাদেশের মিডিয়া সচিব আখ্যা দিয়ে গ্রেফতার করে! যদিও RAB ও সরকারের অন্যান্য কুখ্যাত বাহিনী খুব ভালো করেই জানে যে, মাওলানা মামুন এখন আর হিব্বুত তহরীর-এর সাথে জড়িত নেই এবং ব্যক্তিগত কারণে তিনি বহু বছর পূর্বেই দল ছেড়েছেন। তারপরও তারা নারায়ণগঞ্জ তথাকথিত অভিযান চালিয়ে 'নাশকতামূলক কর্মকাণ্ডের' মিথ্যা গল্প তৈরি করে তাকে গ্রেফতার করেছে। হাসিনা সরকারের এই জঘন্য পরিকল্পনা অত্যন্ত দুর্বল চিন্তার ফসল, কারণ হিব্বুত তহরীর উন্মাহ'র মধ্যে এবং উন্মাহ'র সাথে এক্যবদ্ধভাবে কাজ করছে, এবং জনগণ কখনোই এদলটিকে জঙ্গি বা সহিংস হিসেবে মনে করে না। এমনকি এই সরকারের পুলিশ বাহিনীও ভালোভাবে জানে যে, হিব্বুত তহরীর একটি নিয়মতান্ত্রিক রাজনৈতিক দল, যেটি সর্বশক্তিমান আল্লাহ'র নাযিলকৃত বিধান দ্বারা শাসিত হতে নবুয়্যতের আদলে খিলাফত পুনঃপ্রতিষ্ঠায় শুধুমাত্র বুদ্ধিবৃত্তিক ও রাজনৈতিক কর্মকাণ্ড পরিচালনা করে আসছে।

এটা দিবালোকের মতো স্পষ্ট যে, হাসিনা সরকার আসন্ন জাতীয় নির্বাচনের আগে তার কাফির-উপনিবেশবাদী প্রভুদের মন জয় করতেই এই ঘৃণ্য চক্রান্তের পথ বেছে নিয়েছে। তারা ক্ষমতায় টিকে থাকতে চায় এই সক্ষমতা দেখিয়ে যে, তারা "ইসলামী জঙ্গিবাদ"-কে দমন-পীড়নে সক্ষম। এবং যেহেতু হিব্বুত তহরীর একমাত্র দল যেটি পশ্চিমাদের ভূ-রাজনৈতিক ষড়যন্ত্রসহ বাংলাদেশে হস্তক্ষেপ এবং এসব অপরাধে এদেশের ধর্মনিরপেক্ষ রাজনীতিবিদদের সহযোগিতার বিষয়টি অব্যাহতভাবে উন্মোচন করে আসছে, সেহেতু সরকার এই নিষ্ঠাবান ও সাহসী দলটিকে জঙ্গিবাদের সাথে যুক্ত করার অপচেষ্টা করছে। পশ্চিমাদের 'ইসলামের বিরুদ্ধে যুদ্ধে' নিজেদেরকে সবচেয়ে অগ্রগামী হিসেবে প্রমাণ করতে হাসিনা সরকার ন্যায়নিষ্ঠ ইসলামী দলসমূহের ভাবমূর্তি ক্ষুণ্ণ করে ও ইসলামতীতিকে উস্কে দিয়ে দেশের জনগণকে হিব্বুত তহরীর ও ইসলাম থেকে দূরে সরিয়ে দিতে চায়।

হে হাসিনা সরকারের আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কর্মকর্তাগণ! আপনারা হিব্বুত তহরীর-এর বিরুদ্ধে যতই অপবাদ রটানোর চেষ্টা এবং মিথ্যা মামলা দিয়ে নিরপরাধ জনগণ ও দাওআহ' বহনকারীদেরকে কারাগারে নিক্ষেপ করুন না কেন, আমরা আপনাদের এবং আপনাদের এই যালিম হাসিনা সরকারের প্রতি ভীত নই। এই ধরনের গ্রেপ্তার, নির্যাতন এবং অপবাদ আমাদের সংকল্পকে আরও শক্তিশালী করে এবং সর্বশক্তিমান আল্লাহ'র এই মহান কাজে আমাদেরকে আরও ধৈর্যশীল ও অবিচল করে তোলে। এবং আল্লাহ সুবহানাহ্ ওয়া তা' আলা'র পক্ষ থেকে বিজয় আসার আগ পর্যন্ত, তাঁর ইচ্ছায় খিলাফতের প্রত্যাবর্তন ঠেকাতে আপনাদের সকল চক্রান্ত চরমভাবে ব্যর্থ হতে বাধ্য। অতএব, বিভ্রান্তি থেকে বেরিয়ে আসুন, হে কর্মকর্তাগণ! যেহেতু আপনারা আমাদের মুসলিম ভাই, সেহেতু আমরা আপনাদেরকে অত্যাচারী এই শাসকের প্রতি আপনাদের সমর্থন সম্পর্কে সতর্ক করতে চাই। আপনারা যা করছেন তার জন্য আপনাদের উচিত আল্লাহ'কে ভয় করা। হাসিনা সরকারের আনুগত্য করে আপনারা যে কেবল ইসলামের নিষ্ঠাবান দাওআহ' বহনকারীদের উপর অত্যাচার করছেন তা নয়, বরং এধরনের জঘন্য ষড়যন্ত্রের মাধ্যমে মানুষকে সত্য থেকে দূরে সরিয়ে দেয়ার মতো ভয়ঙ্কর পাপে নিমজ্জিত হচ্ছেন। সুতরাং, সচেতন হোন এবং হাসিনার এই ফিরাউনি শাসন থেকে নিজেদেরকে বিচ্ছিন্ন করুন, এবং সর্বশক্তিমান আল্লাহ'র গজব থেকে নিজেদেরকে রক্ষা করুন। আল্লাহ সুবহানাহ্ ওয়া তা' আলা বলেন:

وَالَّذِينَ يُؤْذُونَ الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ بَغْيٍ مَّا كَتَبْنَا لَهُمْ فَعَدَا حَتَمَلُوا بُهْتَانًا وَإِثْمًا مُّبِينًا

“এবং যারা বিনা অপরাধে মু'মিন পুরুষ ও মু'মিন নারীদেরকে হেয় প্রতিপন্ন করে, তারা তো নিশ্চয়ই নিজেদের উপর অপবাদ এবং প্রকাশ্য পাপের বোঝা চাপায়” [সূরা আহযাব: ৫৮]

হিব্বুত তহরীর / উলাই'য়াহ্ বাংলাদেশ-এর মিডিয়া কার্যালয়